



নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-১৪০

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৫
২৪ ফেব্রুয়ারি ২০১৯


বিষয় : পটুয়াখালী জেলার পটুয়াখালী পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় আপিল বিভাগ সিএমপি নং-১২০/২০১৯ এ ১৯ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং- ১৪৩৪/২০১৯ এ প্রদত্ত স্থগিতাদেশ ০৮ (আট) সপ্তাহের জন্য স্থগিত করায় পটুয়াখালী পৌরসভার সাধারণ নির্বাচন যে পর্যায় হতে বন্ধ ঘোষণা করা হয়েছিল সে পর্যায় থেকে পুনরায় কার্যক্রম শুরু করে ২৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ বৃহস্পতিবার ভোটগ্রহণ অনুষ্ঠান করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন। উক্ত পৌরসভায় সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ২৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

- (১) লঞ্চ
- (২) ইঞ্জিন চালিত সকল ধরনের নৌ-যান (ইঞ্জিন চালিত ক্ষুদ্র নৌযান বা জনগণ তথা ভোটারদের চলাচলের জন্য ব্যবহৃত ক্ষুদ্র নৌযান ব্যতীত)
- (৩) স্পীড বোট

২। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্ববেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। সেই সাথে নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। তাছাড়া, প্রধান প্রধান নৌ-পথে বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। সে সাথে ভোটার ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে সকল নৌ-যান চলাচলের ক্ষেত্রে ও দূর পাল্লার নৌ-যান চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

৩। বর্গিতাবস্থায়, উল্লিখিত নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ২৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত উল্লিখিত নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ-কে ক্ষমতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব

ফোন: ০২-৫৫০০৭৫২৫

মোবাইল: ০১৭১৬৮৪৬৯৮২

E-mail: sasemc1@gmail.com

সচিব

নৌ-পরিবহন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণঃ সহকারী সচিব (প্রশাসন-১)]

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)
৫. মহাপরিচালক, র‍্যাড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাড)/বিজিবি/আনসার ও ডিডিপি, ঢাকা
৬. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, বরিশাল
৯. উপমহাপুলিশ পরিদর্শক, বরিশাল
১০. যুগ্মসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. জেলা প্রশাসক, পটুয়াখালী
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল
১৬. পুলিশ সুপার, পটুয়াখালী
১৭. জেলা নির্বাচন অফিসার, পটুয়াখালী ও রিটার্নিং অফিসার
১৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ডিডিপি, পটুয়াখালী
১৯. উপজেলা নির্বাহী অফিসার পটুয়াখালী সদর
২০. জেলা তথ্য অফিসার, পটুয়াখালী
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. উপজেলা নির্বাচন অফিসার, পটুয়াখালী সদর ও সহকারী রিটার্নিং অফিসার
২৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, পটুয়াখালী সদর থানা।

(মোহাম্মদ মোরশেদ আলম)

সিনিয়র সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা

ফোন: ৫৫০০৭৬১০, ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮